

অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত আন্ডারগ্রাউন্ড ও এলিভেটেড সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (আন্ডারগ্রাউন্ড ১২.৮০ কিলোমিটার এবং এলিভেটেড ৪.৬০ কিলোমিটার) এবং ১৬ টি স্টেশন (আন্ডারগ্রাউন্ড ১২ টি এবং এলিভেটেড ৪ টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে। MRT Line-5: Southern Route এর Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে গত ২০ মে ২০১৯ তারিখ সর্বশেষ Aide Memoire স্বাক্ষর করা হয়েছে। PRF-এর আওতায় ৩৬ মাসের মধ্যে Detailed Design সম্পন্ন করার ব্যবস্থা রাখা আছে। গত ২৮ মে ২০১৯ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে Expression of Interest (EoI) আহবান করা হয়েছে। গত ২৬ জুন ২০১৯ তারিখ ১৮টি পরামর্শক প্রতিষ্ঠান EoI দাখিল করেছে। বর্তমানে Shortlisting সম্পন্ন করে Concurrence এর জন্য Asian Development Bank (ADB)-তে প্রেরণ করা হয়েছে। Technical Assistance Project Proposal (TPP) অনুমোদনের জন্য গত ০৭ অক্টোবর ২০১৯ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। এ রুট নির্মাণের সম্ভাব্য ব্যয় প্রায় ৩৬ হাজার কোটি টাকা।

MRT Line-5: Southern Route-এর রুট এ্যালাইনমেন্ট হল: গাবতলী - টেকনিক্যাল - কল্যাণপুর - শ্যামলী - কলেজ গেইট - আসাদ গেইট - রাসেল স্কয়ার - পান্থপথ - সোনারগাঁ - হাতিরঝিল - নিকেতন - রামপুরা - আফতাব নগর পশ্চিম - আফতাব নগর সেন্টার - আফতাব নগর পূর্ব - দাশেরকান্দি।